

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ২৮/২০১৮

তারিখঃ ২২/০৪/২০১৮খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

৩১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৫/২০১৮ তারিখ (সোমবার) অপরাহ্ন ৩-০০ ঘটিকায় এসোসিয়েশনের ৩১তম বার্ষিক সাধারণ সভা জিইসি কনভেনশন সেন্টার, জিইসি মোড়, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাচ্ছে।

আলোচ্যসূচী :

- ০১। ০৩/০৫/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ৩০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চয়করণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১৭ ইং সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১৭ ইং সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০১৮ ইং সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০১৮ ইং সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁদের সম্মানী নির্ধারণ।
- ০৭। সিএন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল পরিচালনা কমিটি হতে আলহাজ্ব মোঃ জাহাঙ্গীর আলম এর পদত্যাগ পত্র গ্রহণ ও তাঁর স্থলে একজন সদস্য মনোনয়ন।
- ০৮। কল্যাণ তহবিল হতে প্রদেয় মরনোত্তর অনুদানের টাকা বৃদ্ধি করে ৪,০০,০০০/- টাকায় উন্নীতকরণ প্রসঙ্গে।
- ০৯। কল্যাণ তহবিল হতে প্রতি ১০ বছর মেয়াদান্তে সদস্য প্রতিষ্ঠানকে প্রদেয় ৩৬,০০০/- টাকা একবার প্রদান প্রসঙ্গে।
- ১০। সি এন্ড এফ টাওয়ার নীতিমালা সংশোধন প্রসঙ্গে।
- ১১। এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা সংশোধন প্রসঙ্গে।
- ১২। বন্দর অভ্যন্তরে পরিচালিত টেম্পো সার্ভিস ফি প্রতি বছরে ৩০০/-টাকা বৃদ্ধি করে প্রতি ৪ বছরের জন্য ১,৬০০/- টাকার স্থলে ২,৮০০/- টাকা নির্ধারণ প্রসঙ্গে।
- ১৩। এসোসিয়েশনের ত্রৈমাসিক অডিট রিপোর্ট সদস্যদের নিকট প্রচার পত্র আকারে প্রেরণের পরিবর্তে ই-মেইলে প্রেরণ প্রসঙ্গে।
- ১৪। নির্বাচন কমিশন গঠন ও শপথ গ্রহণ।
- ১৫। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনতে হবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশীদার নিজে অংশগ্রহণ করলে তাঁর কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশীদার অংশগ্রহণ করলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশীদার হতে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে প্রাধিকার পত্র আনতে হবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হলে উক্ত দলিলাদি প্রয়োজন হবে।

স্বাক্ষরিত/-

এ কে এম আকতার হোসেন

সভাপতি

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক